গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট ও আইন শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১০৩.১৮.৩৬৪

তারিখ: ২৮ কার্তিক ১৪২৫
১২ নভেম্বর ২০১৮

বিষয়: **মাদারীপুর জেলার কালকিনি উপজেলার এনায়েতপুর ওয়েজিয়া দাখিল মাদ্রাসা- এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাব এর উপর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ - এর চূড়ান্ত মতামত ও অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: ৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১২.১৬-৪৭, তারিখঃ ১৪/০২/২০১৮ খ্রিঃ|

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের ব্রডশীট জবাবের উপর মন্ত্রণালয়ের সিদ্ধান্ত নিম্নরুপ:

| | |
|---|---|
| ১.(গ) | স্বীকৃতিঃ স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| (ঘ) | ব্যবস্থাপনা কমিটিঃ আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| (ঙ) | স্তরভিত্তিক এমপিও ভূক্তিঃ আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই। |
| (চ) | স্টক টেকিং: কমিটি গঠন করে প্রতিষ্ঠানের যাবতীয় মালামাল ও অস্থাবর সম্পত্তির বাৎসারিক স্টক যাচাই করে নিয়মিতভাবে আপডেট করে সংরক্ষণ করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| (ছ) | রেজিস্টারঃ ফাইল রেজিস্ট্রার চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্টার, ডিমান্ড ও রিসিপ্ট রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টারসহ ব্যবহৃত রেজিস্টারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| (জ) | শাখা/শিফটঃ প্রতিষ্ঠানটিতে অতিরিক্ত কোন শাখা/শিফট চালু নাই। আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই। |
| (ঝ) | ১.নিয়োগ সংক্রান্তঃ আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই। |
| | মহিলা কোটা: ২০% কোটায় প্রায় ০২ জন মহিলা শিক্ষক প্রাপ্য। বর্তমানে প্রতিষ্ঠানে ০১জন মহিলা শিক্ষক কর্মরত আছেন। ভবিষ্যতে শিক্ষক নিয়োগকালে মহিলা কোটা সংরক্ষণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (ট) | স্ট্যাফিং প্যার্টাণঃ ২৪/১০/১৯৯৫ এবং ০৪/০২/২০১০ তারিখের নীতিমালা মোতাবেক দাখিল মাদ্রাসায় ০১ জন জুনিয়র মৌলভীর নামে বেতন বাতার সরকারী অংশ প্রাপ্য। কিন্তু প্রতিষ্ঠানটিতে ০২ জন জুনিয়র মৌলভী নামে বেতন ভাতার সরকারী অংশ গ্রহণ করায় সর্বশেষ নিয়োগ প্রাপ্ত জনাব মো: আবুল বামার মিয়া (ইনডেক্স নং ৩৪১৯৯২) ০১/০৭/১৯৯৬ তারিখ হতে কর্মরত আছেন। ২৪/০৩/২০১৩ তারিখের নীতিমালা মোতাবেক তিনি উদ্বৃত হিসেবে সরকারী বেতন-ভাতা পেতে থাকবেন। উদ্বৃত জুনিয়র মৌলভীর পদশূণ্য হলেও তদস্থলে কোন জুনিয়র মৌলভী নিয়োগ দেয়া যাবে না মর্মে সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (ড) | বেতন স্কেল: শিক্ষক-কর্মচারীদের বেতন স্কেল যাচাইয়ে কোন আপত্তি না থাকায় মতামত প্রয়োজন নেই। |

| | |
|---|---|
| (ঢ) | উপবৃত্তি সংক্রান্ত: উপবৃত্তির টাকা শিক্ষার্থীদের মাঝে সঠিকভাবে বিতরণ করায় আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই। |
| ২. (ক) | জমি সংক্রান্তঃ প্রতিষ্ঠানটির রেকর্ড মোতাবেক জমির পরিমান ১.৫৮ একর। জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়েছে। সমুদয় জমির খাজনা হাল নাগাদ পরিশোধ করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (খ) | গৃহ-কক্ষ সংক্রান্তঃ প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো উন্নত করে শিক্ষক মিলনায়তন, বিজ্ঞানাগার ও ছাত্রী মিলনায়তন পাঠাগার ব্যবস্হা সন্তোষজনক করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (গ) | আসবাবপত্র: সামর্থ্ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে প্রয়োজনীয় আসবাবপত্রের সংখ্যা বৃদ্ধি করার জন্যে সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| ৩. (ক) | একাডেমিক সংক্রান্ত মন্তব্যঃ<br>একাডেমিক উন্নয়নের জন্য নিম্নেবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলোঃ<br>১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে;<br>২. শিক্ষার্থীদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে;<br>৩. শ্রেণিকক্ষে শিক্ষকের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়য়িত পর্যবেক্ষণ করতে হবে;<br>৪. শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্হা করতে হবে;<br>৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে;<br>৬. Participatory Method চালু করতে হবে।<br>৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উপস্থিতি সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করতে হবে;<br>৮. প্রতিষ্ঠানের লেখা-পড়ার মান উন্নত করার লক্ষ্যে পরিচালনা কমিটি ও শিক্ষক মন্ডলী যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখবেন;<br>৯. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং<br>১০. শ্রেণি কক্ষে পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। |
| (খ) | বিগত ০৩ (তিন) বছরে ঝরে পড়া শিক্ষার্থীঃ প্রতিষ্ঠানে ঝরে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষে কার্যকর ব্যবস্হা গ্রহণ করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। |
| (গ) | পরীক্ষা সংক্রান্ত তথ্য ও মন্তব্যঃ |
| | ১. বোর্ড পরীক্ষা: বোর্ড পরীক্ষার ফলাফলের মান মোটামুটি সন্তোষজনক। সংখ্যাগত ও গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| | ২. জেডিসি পরীক্ষা: জেডিসি পরীক্ষার ফলাফলের মান মোটামুটি সন্তোষজনক। সংখ্যাগত ও গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| | ৩. এবতেদায়ী সমাপনী পরীক্ষা: এবতেদায়ী সমাপনী পরীক্ষার ফলাফলের মান মোটামুটি সন্তোষজনক। সংখ্যাগত ও গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| | ৪. বৃত্তি পরীক্ষা: বৃত্তি পরীক্ষার ফলাফলের মান মোটামুটি সন্তোষজনক। সংখ্যাগত ও গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (ঘ) | পাঠাগারঃ পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য পরিচালনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলোঃ<br>১. পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা;<br>২. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা;<br>৩. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষন করা;<br>৪. পাঠাগারের জন্য পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা এবং<br>৫. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরী করা। |

| | |
|---|---|
| (ঙ) | বৈজ্ঞানিক যন্ত্রপাতিঃ প্রতিষ্ঠানটিতে বিজ্ঞান বিভাগ চালু নেই। বিজ্ঞান বিভাগ চালু করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (চ) | সহপাঠ কার্যক্রমঃ পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়া, ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| ৪. (ক) | আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্যঃ আয়-ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনা সমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য কমিটির সভাপতিকে অনুরোধ করা হলোঃ<br>১.সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যম সম্পন্ন করা;<br>২.খরচের ভাউচারে কমিটির অনুমোদন সাপেক্ষে গার্ড ফাইলে সংরক্ষণ করা;<br>৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা;<br>৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষন করা;<br>৫. খরচের ভাউচারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা;<br>৬.বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা;<br>৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে;<br>৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করা;<br>৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডার করতে হবে এবং<br>১০. প্রতি তিন মাস অন্তর ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন কমিটির অনুমোদনপূর্বক সংরক্ষন করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। |
| (খ) | তহবিল সংক্রান্ত তথ্য ও মন্তব্য: সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ টাকা জমা আছে। আপত্তি নেই মতামত প্রয়োজন নেই। |
| | ভবিষ্য তহবিল: প্রতিষ্ঠানে বর্তমানে ভবিষ্য তহবিল চালু নেই বিধায় আগামী ০৬/১২/২০১৮ তারিখের মধ্যে প্রতিষ্ঠানটিতে ভবিষ্য তহবিল চালু করার জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| ৫. (খ) | ইভটিজিং: ইভিটিজিং এর কুফল সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করার লক্ষে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (গ) | শিক্ষানীতি ২০১০ বাস্তবায়ন: শিক্ষানীতি ২০১০ বাস্তবায়ন করার লক্ষে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| | শিক্ষার্থীদের সচেতনতা: শিক্ষার্থীদের বিভিন্ন বিষয় যেমন: বাল্য বিবাহ, মানব পাচার, জঙ্গিবাদ, মাদক সেবন এবং অন্যান্য সার্বিক বিষয় সম্পর্কে সচেতন করার লক্ষে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। |
| (চ) | বিগত পরিদর্শন: প্রতিষ্ঠানটি অত্র অধিদপ্তর কর্তৃক বিগত ২৭/৭/১৯৯৬ তারিখে পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ: ১৩ (খ) সহকারী মৌলভী জনাব এ,কে,এম শাহ আলম কে পূর্ব অভিজ্ঞতা সনদ প্রদর্শন করত ব্যর্থতায় উচ্চতর স্কেলে গৃহীত ৩৩,৬১৫/- টাকা ফেরত প্রদানের সুপারিশ অবাস্তবায়িত।<br><br>সহকারী মৌলভী জনাব এ, কে, এম শাহ আলম-এর পূর্ব অভিজ্ঞতার সনদের কপি সংযুক্ত থাকায় মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশ অনুযায়ী অডিট আপত্তি হতে অব্যাহতি প্রদান করা হলো।<br><br>১৩ (গ) ০২ জন এবতেদায়ী শিক্ষক (ক্বারী জনাব মো: সিরাজুল ইসলাম এবং জুনিয়র শিক্ষক জনাব মো: রেজাউল করিম) কর্তৃক গৃহীত ১৩৭.৭২ টাকা ফেরত প্রদানের সুপারিশ অবাস্তবায়িত।<br><br>০২ জন এবতেদায়ী শিক্ষক (ক্বারী জনাব মো: সিরাজুল ইসলাম এবং জুনিয়র শিক্ষক জনাব মো: রেজাউল করিম) কর্তৃক গৃহীত ১৩৭.৭২ টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা (C.T.R.) প্রদান করায় মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশ অনুযায়ী অডিট আপত্তি হতে অব্যাহতি প্রদান করা হলো। |

| | |
|---|---|
| | ১৩ (ঠ) ৩০/০৯/১৯৮৫ তারিখের পরিদর্শনে নিয়োগ বিধি সম্মত না হওয়ায় প্রাক্তন শিক্ষক জনাব ছায়েদুর রহমান কর্তৃক গৃহীত ১২,৩৪৬.০০ টাকা ফেরত প্রদান করার সুপারিশটি অবাস্তবায়িত। উক্ত শিক্ষক বর্তমানে কর্মরত নেই।<br><br>এমতাবস্হায়, প্রাক্তন শিক্ষক জনাব ছায়েদুর রহমান কর্তৃক গৃহীত ১২,৩৪৬.০০ টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমাদানপূর্বক (C.T.R.) এর সত্যায়িত কপি (প্রমাণক) সহ আগামী ০৫/১২/২০১৮ খ্রি: তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো। অন্যথায় সুপার দায়ী থাকবেন মর্মে পত্র মারফত জানিয়ে দেয়া হলো। |

০২। প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপার'কে নির্দেশনা দিয়ে বিষয়টি নিশ্চিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

পত্রের

১২-১১-২০১৮
নূরজাহান বেগম
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

বিতরণ :
১) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন, ঢাকা।
২) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, মাদারীপুর
৪) সভাপতি/সুপার, এনায়েতপুর ওয়েজিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা: কালকিনি, জেলা: মাদারীপুর।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.১০৩.১৮.৩৬৪/১(৪)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৫
১২ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্ম সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) প্রোগ্রামার , আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২-১১-২০১৮
নূরজাহান বেগম
সহকারী সচিব